

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-২৩৩(আগরতলা, ১৭।০৪)
সাক্রম, ১৭ এপ্রিল, ২০১৮

সাঙরাই উৎসব সমাপ্ত

বনকুল যুব সমাজের উদ্যোগে আয়োজিত ৩ দিনের সাঙরাই উৎসব গতকাল সন্ধ্যায় মনু বনকুল ধর্ম্মদীপা স্কুল মাঠে সমাপ্ত হয়েছে। সমাপ্তি অনুষ্ঠানে উপস্থিত ছিলেন রাজ্যের পর্যটন মন্ত্রী প্রণজিৎ সিংহ রায়। সমাপ্তি অনুষ্ঠানে প্রধান অতিথির ভাষণে পর্যটন মন্ত্রী শ্রী সিংহরায় বলেন, প্রাকৃতিক সৌন্দর্যে ভরপুর পার্বতী রাজ্য ত্রিপুরার পর্যটনকে বহিঃরাজ্যের সাথে পরিচয় ঘটানোর উদ্যোগ নেওয়া হয়েছে। এশিয়ার পর্যটন ও বাণিজ্যের সিংহদুয়ার হচ্ছে সাক্রম। সেই লক্ষ্যে সাক্রমের পর্যটন বিকাশেও উদ্যোগ নেওয়া হবে। সেই সঙ্গে সড়ক, পানীয় জল সহ অন্যান্য পরিকাঠামোগত উন্নয়ন ঘটানো হবে। তিনি রাজ্যে পর্যটনের পরিবেশ গড়ে তোলার আহ্বান জানান। অনুষ্ঠানে বিধায়ক শংকর রায়ও বক্তব্য রাখেন। অন্যান্য অতিথিগণের মধ্যে বক্তব্য রাখেন ধর্ম্মদীপা স্কুলের প্রিন্সিপাল ড: ধর্ম্মপ্রিয়া, সাক্রম মহকুমার মহকুমা শাসক বিপ্লব দাস, বৌদ্ধ ধর্মগুরু ক্ষেমাচর ভাভে, সমাজসেবী ধনঞ্জয় ত্রিপুরা। সাঙরাই উৎসব উপলক্ষে মগ সম্প্রদায়ের মানুষের মধ্যে চিরাচরিত খেলাধুলার আয়োজন করা হয়। প্রতিদিন সন্ধ্যায় হয় সাংস্কৃতিক অনুষ্ঠান।
